রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মে ১২, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

**অপারেশন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ মার্চ, ২০২১

**নং ২৮.০০.০০০০.০২৬.৪০.০৭০.২০-১৬**—জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ১৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের ২৮.০১৭.০৪০.০০.০০.০৬১.২০১৩-৪৮৫ স্মারকমূলে জারিকৃত “বাংলাদেশের জলসীমায় যাতায়াতকারী দেশি/বিদেশি পতাকাবাহী জাহাজে জ্বালানি সরবরাহের জন্য বাংকারিং নীতিমালা, ২০১৪”-এর নিম্নোক্ত অনুচ্ছেদসমূহ সংশোধন/সংযোজন/বিয়োজন/প্রতিস্থাপন করা হলো।

| | |
|---|---|
| অনুচ্ছেদ-৪। নিবন্ধিত বাংকার সরবরাহকারীর যোগ্যতা | বাংকার সরবরাহকারী হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মালিকানাধীন ন্যূনতম ৫০০(পাঁচশত) মেঃ টন ধারণ ক্ষমতা সম্পন্ন বার্জ/ট্যাংকার থাকতে হবে এবং বে-ক্রসিং এর সার্টিফিকেট থাকতে হবে। বিপিসি’র অধীন জ্বালানি তেল বিপণন কোম্পানিসমূহ বাংকারিং করতে পারবে। |
| অনুচ্ছেদ-৬। জামানত | আবেদনকারী প্রতিষ্ঠানকে তালিকাভুক্তির জন্য ১০(দশ) লক্ষ টাকা বা সমপরিমাণ বৈদেশিক মুদ্রা (US$) সুদবিহীন জামানত (ফেরতযোগ্য) বিপিসি’র ব্যাংক হিসাবে জমা অথবা ব্যাংকে রক্ষিত কোন স্থায়ী আমানত বিপিসি’র অনুকূলে লিয়েন হিসেবে রাখতে হবে। |



**মূল্য :** টাকা ৪.০০

| | |
|---|---|
| অনুচ্ছেদ-৭। বাংকার সংগ্রহ ও সরবরাহ প্রক্রিয়া | তালিকাভুক্ত প্রতিষ্ঠান তেল বিপণন কোম্পানি হতে সরকার/ বিপিসি'র নির্ধারিত মূল্যে বাংকার সংগ্রহ করে দেশি/ বিদেশি জাহাজে সরবরাহ করবে। এক্ষেত্রে |
| অনুচ্ছেদ-৭ (খ) | চট্টগ্রাম/মংলা কাস্টমস কর্তৃপক্ষের নিকট হতে প্রয়োজনীয় অংগীকারনামার ভিত্তিতে বাংকার মূল্য প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় পরিমাণ (ফার্ণেস অয়েল ও ডিজেল) বাংকার গ্রহণের জন্য জাহাজ/ট্যাংকার বিপণন কোম্পানিগুলোর চট্টগ্রামস্থ প্রধান স্থাপনা/খুলনাস্থ দৌলতপুর/মংলা বন্দরস্থ মংলা অয়েল ইনস্টলেশন জেটিতে স্থাপনপূর্বক যথাসময়ে বাংকার সংগ্রহ করতে হবে। বাংকার মূল্য প্রাপ্তির বিষয়টি বিপিসি যথাসময়ে তদারকি করবে; |
| অনুচ্ছেদ-৭ (গ) | বাংকার সরবরাহকারী প্রতিষ্ঠানকে মূল্য পরিশোধের বিপরীতে নির্দিষ্ট পরিমাণ বাংকার গ্রহণের পূর্বে ইতিপূর্বে গ্রহণকৃত বাংকারের তথ্য প্রদান করতে হবে। এক্ষেত্রে, সংশ্লিষ্ট তেল বিপণন কোম্পানি কর্তৃক সরবরাহকৃত তেল সরকার/জাতীয় রাজস্ব বোর্ড/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শুল্কহারে সরবরাহ করা হবে; |
| অনুচ্ছেদ-৭ (চ) | বাংকার সরবরাহকারী কর্তৃক বিদেশগামী জাহাজে বাংকার সরবরাহের বিষয়টি সংশ্লিষ্ট জাহাজের চীফ ইঞ্জিনিয়ার ও বাংকার সরবরাহকারী যুগ্মভাবে তদারকি করবেন এবং বার্জ/ট্যাংকার হতে বিদেশগামী জাহাজে সরবরাহকৃত বাংকারের পরিমাণ বিদেশগামী জাহাজের calibration (Class Approved) অনুযায়ী নির্ধারিত হবে। বাংকারিং শেষ হওয়ার পর তদনুযায়ী জাহাজের চীফ ইঞ্জিনিয়ার ডেলিভারী নোটে স্বাক্ষর প্রদান করবেন। বাংকার পরিমাণ নির্ধারণ বিষয়ে জটিলতা নিরসনকল্পে যৌথ সার্ভেয়ার নিয়োগ প্রদান করা যাবে এবং সার্ভেয়ার-ফি জাহাজ মালিক এবং বাংকার সরবরাহকারী ৫০:৫০ ভিত্তিতে পরিশোধ করবেন। Class Approved বলতে International Association of Classification Society (IACS) এর সদস্য কোন প্রতিষ্ঠান/ কোম্পানির তত্ত্বাবধানে নির্মিত জাহাজ বা সনদধারী জাহাজকে বুঝাবে। |
| অনুচ্ছেদ-৭ (জ) | বাংকার সরবরাহকারী নৌযানসমূহের Tank calibration chart (Class Approved) থাকতে হবে এবং পরিবেশ দূষণ রোধে ও জ্বালানি তেলের প্রকৃত পরিমাণ নির্ধারণের লক্ষ্যে ট্যাংকারসমূহের নির্দিষ্ট সময় অন্তর calibration, hull plate এর UT Gauging সহ সামগ্রিক অবস্থা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষা করাতে হবে। |

| | |
|---|---|
| অনুচ্ছেদ-৭ (ঞ) | ব্যবহারকারীর স্বার্থে এবং আন্তর্জাতিক বাধ্যবাধকতার আলোকে জ্বালানী সরবরাহের সময় সরবরাহকৃত জ্বালানীর গ্রহণযোগ্য আন্তর্জাতিক মানসম্পন্ন গুণগত এবং ব্যবহারিক বিশেষণাত্বক সনদ ইস্টার্ন রিফাইনারী লিঃ হতে সরবরাহ করতে হবে। এক্ষেত্রে প্রচলিত আন্তর্জাতিক Dripping পদ্ধতিতে বাংকার গ্রহণকারী জাহাজের Manifold হতে নমুনা সংগ্রহ এবং গ্রহণকৃত নমুনা জ্বালানী তেল নিঃশেষ হওয়ার এক বছর পর্যন্ত গ্রহণকারীকে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে; |
| অনুচ্ছেদ-৭ (ট) | জ্বালানি তেলের পরিমাণ ও গুণগত মান সম্পর্কে সরবরাহকারী এবং গ্রহণকারীর মধ্যে কোন বিরোধ সৃষ্টি হলে সংক্ষুব্ধ বাংকার সরবরাহকারী বা গ্রহণকারী অপরপক্ষকে note of protest দাখিল করবে। সংশ্লিষ্ট বিরোধ বিপিসি'র মধ্যস্থতায় সমঝোতা করা যাবে। সমঝোতার পন্থা ব্যর্থ হলে বাংলাদেশ আরবিট্রেশন অ্যাক্ট ২০০১ অনুযায়ী চূড়ান্ত নিষ্পত্তি করা যাবে। |
| অনুচ্ছেদ-৯। বাঙ্কারের গুণগত মান | তালিকাভুক্ত সরবরাহকারীগণ তেল বিপণন কোম্পানীর চট্টগ্রামস্থ প্রধান স্থাপনা/খুলনাস্থ দৌলতপুর ডিপো/মংলা অয়েল ইনস্টলেশন এর স্টোরেজ ট্যাংক থেকে বাংকার সংগ্রহকালে প্রয়োজনবোধে সরবরাহতব্য তেলের নমুনা সংগ্রহ করে গুণগত মান সম্পর্কে নিশ্চিত হয়ে তেল গ্রহণ করবে এবং গুণগত মান সার্টিফিকেট আবশ্যিকভাবে বাংকার গ্রহণকারী জাহাজকে সরবরাহ করবে। |

২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ১৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের অপরাপর অংশ এবং এতদ্‌সংক্রান্ত সময় সময় জারিকৃত সংশোধনীসহ অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। প্রজ্ঞাপন প্রকাশের তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনিছুর রহমান**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.